75

দৈনিক ইনকিলাব

তারিখ 23 OCT 199?
পৃষ্ঠা ৩ কলাম ২

## ছাত্রদল নেতা চঞ্চল হত্যা মামলা

# মোহনের রুমেই হত্যাকাণ্ড ঘটেছিল ঃ পুলিশ এখনো মোটিভ উদ্ধার করতে পারেনি

**খুলনা ব্যুরো ঃ** খুলনা জেলা ছাত্রদল সভাপতি ওয়াহিদুজ্জামান চঞ্চল হত্যা মামলায় পুলিশ মামলার নথিভুক্ত আর কোন আসামীকে গ্রেফতার করতে পারেনি। তবে পুলিশের একটি সূত্র জানিয়েছে যে, চঞ্চলের হত্যাকাণ্ড মোহনের রুমেই ঘটেছে বলে ধরে নেয়া যায়। তাতে মনে হয়েছে পুলিশ এক প্রকার নিশ্চিত যে, হত্যাকাণ্ড ঐ বাড়ীতেই ঘটেছে। তবে হত্যাকাণ্ডের মোটিভ এখনো পুলিশ উদ্ধার করতে পারেনি।

এদিকে হত্যা মামলার আসামী এডভোকেট আকতার জাহান রুকুকে গতকাল (বুধবার) সকালের দিকে জেলখানা থেকে রিমাণ্ডে খুলনা থানায় আনা হয়। সাথে চঞ্চলের মোটর সাইকেল চালক ও দেহরক্ষী নাদিম ও করীমকেও আনা হয়।

বুধবার রাতে কয়েক দফায় জিজ্ঞাসাবাদ করা হয়েছে। জিজ্ঞাসাবাদে আসামী রুকু অনেক তথ্য প্রদান করেছে বলে তদন্ত কর্মকর্তা দারোগা সালেক ইনকিলাবকে জানান। তিনি বলেন, রুকু হত্যাকাণ্ডের সম্পর্কে জানেন বলে ধারণা করা হচ্ছে। এদিকে মোহনের বড় ভাই ইমতিয়াজ খোকন জিজ্ঞাসাবাদে অসুস্থ হয়ে পড়ায় তাকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তদন্ত কর্মকর্তা জানান, ঘটনা তদন্তে অনেকখানি পরিষ্কার হয়ে উঠেছে। অনেকেরই ধারণা, চঞ্চলের সাথে থাকা নাদিম ও করীমকে ব্যাপকভাবে জিজ্ঞাসাবাদ করলে হয়তো অনেক গুরুত্বপূর্ণ তথ্য বেরিয়ে আসবে। তাছাড়া এ হত্যার সাথে মামলার আসামী ছাড়াও মোহনের সঙ্গী-সাথীও জড়িত থাকতে পারে বলে বিভিন্ন মহলের ধারণা।

এদিকে হত্যা মামলার প্রধান আসামী মোহনসহ অপর দুই আসামীকে গ্রেফতার করার জন্য পুলিশ শহরে ব্যাপক তল্লাশি চালালেও তাদের কোন সন্ধান করতে পারেনি।

তদন্ত কর্মকর্তা ইনকিলাবকে বলেন, আমরা এখন হত্যাকাণ্ডের অনেক তথ্য পেয়েছি। সকলে সহযোগিতা করলে তাড়াতাড়ি এ হত্যাকাণ্ডের রহস্য উদঘাটন করতে সক্ষম হব। তিনি জানান, খুলনার বাইরেও আসামীদের খোঁজা হচ্ছে। এদিকে চঞ্চল হত্যা মামলায় ছাত্রদলের ২ জনের নাম থাকার পরেও বিএনপি, ছাত্রদল, যুবদল এ ব্যাপারে কোন প্রতিক্রিয়া ব্যক্ত করেনি। যে কারণে মূল দল বিএনপির মধ্যে অন্তর্দ্বন্দ্ব চলছে বলে অনেকের অভিমত।

স্মরণ করা যেতে পারে যে, ১৯৯০-এর গণআন্দোলনে স্বৈরশাসকের বিরুদ্ধে চঞ্চল ছিল ছাত্রদের অন্যতম পুরোধা। অসীম সাহসী এবং প্রচন্ড সাংগঠনিক ক্ষমতা ছিল চঞ্চলের। অথচ সে চঞ্চল চিরদিনের জন্য চলে গেলেও খুলনা বিএনপির তেমন কোন কর্মসূচী নেই বলে চঞ্চলের পরিবারসহ জনগণ হতাশ।